



২৪ বছর বয়সী ক্লার্ক সেথ চ্যান বাজারে নতুন আসা ভিডিও গেম 'ডায়াবলো থ্রি' কিনে দাঁড়িয়েছেন ক্যামেরার সামনে। গতকাল সিঙ্গাপুরের একটি কম্পিউটার বাজারে 'ডায়াবলো থ্রি' গেমের বিক্রি শুরু হয়। জনপ্রিয় এই গেম কেনার জন্য দোকানোর সামনে হাজার হাজার ক্রেতা দাঁড়িয়েছিলেন সারিবদ্ধভাবে ● এএফপি

## সৈয়দপুর বিএম কলেজে ইন্টারনেট ল্যাব

নীলফামারীর সৈয়দপুর বিজনেস ম্যানেজমেন্ট (বিএম) কলেজে কম্পিউটার ল্যাব চালু হয়েছে। গতকাল মঙ্গলবার স্থানীয় সাংসদ এ এ মারুফ সাকলান এর উদ্বোধন করেন। এ সময় তিনি বলেন, সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়নে অবশ্যই সারা দেশকে ইন্টারনেট-সেবার আওতায় আনতে হবে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সৈয়দপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনারকলি মাহবুব। স্বাগত বক্তব্য দেন বিএম কলেজের অধ্যক্ষ মো. আসাদুজ্জামান। অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রভাষক আসাদুল্লাহ সরকার। এ কলেজের ল্যাবটিতে এখন আটটি ডেস্কটপ, একটি ল্যাপটপ কম্পিউটার ও চারটি মডেম রয়েছে। —সৈয়দপুর (নীলফামারী) প্রতিনিধি